AKASHVANI KOLKATA

RNU: KOLKATA
Bengali Text Bulletin

Date 26-11-2026 Time: 1.30 PM

বিশেষ বিশেষ খবরঃ-

১। বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর বলেছেন, বিশ্ব বাণিজ্য, জ্বালানি নিরাপত্তা, যোগাযোগ ব্যবস্থা এবং অর্থনৈতিক সমৃদ্ধির ক্ষেত্রে ভারত মহাসাগর অত্যন্ত গুরুত্বপূর্ণ।

২। কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন, ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে বাণিজ্য চুক্তি চূড়ান্ত হওয়ার পথে রয়েছে ।

তিনি বলেন, ভারত ও ইউরোপীয় ইউনিয়নের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) চলতি বছরের শেষে স্বাক্ষরিত হবে।

৩ ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ‘মেক ইন ইন্ডিয়া’ (Make in India) ভিশনের প্রশংসা করেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

৪। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু দু’দিনের সফরে আজ কেরালাম পৌঁছেছেন।

৫। ‘বাল্যবিবাহ-মুক্ত ভারত’ গড়তে নারী ও শিশু বিকাশ মন্ত্রকের উদ্যোগে আজ নতুন দিল্লিতে জাতীয় স্তরের এক অনুষ্ঠান শুরু হচ্ছে ।

৬। মহিলাদের এশিয়ান চ্যাম্পিয়নস ট্রফি হকির সেমিফাইনালে ভারত আজ , মালয়েশিয়ার বিরুদ্ধে খেলবে। ভোপালে খেলা শুরু সন্ধ্যা সাতটায়।

oooooooooooooooooo

বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর বলেছেন, বিশ্ব বাণিজ্য, জ্বালানি নিরাপত্তা, যোগাযোগ ব্যবস্থা এবং অর্থনৈতিক সমৃদ্ধির ক্ষেত্রে ভারত মহাসাগর অত্যন্ত গুরুত্বপূর্ণ। নতুন দিল্লিতে আজ অনুষ্ঠিত 'ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশন' (IORA)-এর মন্ত্রী পর্যায়ের বৈঠকে উদ্বোধনী বক্তব্যে ড. জয়শঙ্কর বলেন, এই অঞ্চলটি একই সঙ্গে বিপুল বৈচিত্র্য, সুযোগ এবং বিভিন্ন চ্যালেঞ্জের কেন্দ্রবিন্দু। তিনি বলেন, এই অঞ্চলটিকে শান্তিপূর্ণ, স্থিতিশীল, নিরাপদ এবং উন্নত রাখা IORA-র সম্মিলিত দায়িত্ব।

(বাইট - জয়শঙ্কর)

বিদেশমন্ত্রী বলেন, বিশ্বে বর্তমান নতুন চ্যালেঞ্জের এই সন্ধিক্ষণে IORA-কে অবশ্যই তাদের সম্মিলিত কণ্ঠস্বর আরও জোরালো করতে হবে এবং একটি আঞ্চলিক মঞ্চ হিসেবে নিজেদের ভূমিকা আরও সুদৃঢ় করতে হবে।

তিনি আরও বলেন, সভাপতিত্বকালে ভারত IORA-র অগ্রাধিকারপ্রাপ্ত ক্ষেত্রগুলিকে ও বিভিন্ন আন্তঃদেশীয় বিষয়ে সহযোগিতা আরো জোরদার করার চেষ্টা করছে।

ড. জয়শঙ্কর IORA-র পূর্ববর্তী সভাপতি হিসেবে শ্রীলঙ্কার নেতৃত্বের প্রশংসা করেন এবং মরিশাসকে সংস্থার ভাইস-চেয়ার ও পরবর্তী সভাপতি হিসেবে স্বাগত জানান।

oooooooooooooooooo

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন, ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে বাণিজ্য চুক্তি চূড়ান্ত হওয়ার পথে । নতুন দিল্লিতে আয়োজিত ‘ইন্ডিয়া ডেট ক্যাপিটাল মার্কেট সামিট’-এ ভার্চুয়ালি যোগ দিয়ে আজ তিনি বলেন, কিছু আনুষ্ঠানিক প্রক্রিয়ার কারণে এই দ্বিপাক্ষিক চুক্তিটি এতদিন আটকে ছিল, তবে এখন তা চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

তিনি বলেন, ভারত ও ইউরোপীয় ইউনিয়নের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) চলতি বছরের শেষে স্বাক্ষরিত হবে এবং আগামী বছরের মার্চ বা এপ্রিল মাস থেকে কার্যকর হবে।

(বাইট - পীযূষ গোয়েলের)

পীযূষ গোয়েল জানিয়েছেন, গত পাঁচ বছরে ভারত ৩৮টি উন্নত দেশের সঙ্গে নয়টি মুক্ত বাণিজ্য চুক্তি চূড়ান্ত করেছে। এর ফলে ভারত বিশ্বের এমন সব বাজার প্রবেশের সুযোগ পেয়েছে, যেগুলির সম্মিলিত জিডিপি ৭০ ট্রিলিয়ন ডলার। তিনি জানান, বর্তমানে আলোচনার টেবিলে থাকা আরও আট-ন'টি চুক্তি সম্পন্ন হলে এই পরিধি ৮৫ ট্রিলিয়ন ডলারে পৌঁছাতে পারে। তিনি আরও বলেন, বিশ্বজুড়ে চলা নানা অনিশ্চয়তা, বিভিন্ন সংঘাত, তেলের দামের আকস্মিক ওঠানামা এবং শুল্ক সংক্রান্ত জটিলতা—থাকা সত্ত্বেও ভারত তার বৃদ্ধির গতি বজায় রাখতে সক্ষম হয়েছে।

পীযূষ গোয়েল জানিয়েছেন, চলতি আর্থিক বর্ষের প্রথম সাত মাসে রপ্তানির পরিমাণ প্রায় ৫৭০ বিলিয়ন ডলারে পৌঁছেছে, যা ভারতকে বার্ষিক ১ ট্রিলিয়ন ডলারের রপ্তানি লক্ষ্যমাত্রা অর্জনের পথে এগিয়ে নিয়ে যাচ্ছে। তিনি জানান, অক্টোবর মাসে রপ্তানি প্রায় ৯০ বিলিয়ন ডলারে পৌঁছে এক নতুন রেকর্ড সৃষ্টি করেছে।

oooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'মেক ইন ইন্ডিয়া' (Make in India) ভিশনের প্রশংসা করেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। মস্কোতে আয়োজিত 'এআই জার্নি' সম্মেলনে তরুণ ভারতীয় এআই উদ্ভাবক রাউল জন আজুর সঙ্গে আলাপচারিতার সময় তিনি ভারতের প্রধানমন্ত্রীর প্রশংসা করেন। তিনি বলেন, এআই নিয়ে তরুণদের এ ধরনের কাজ স্থানীয় পর্যায়ে নিজস্ব সমাধান খুঁজে বের করতে ও তা বাস্তবায়নে সহায়তা করছে, 'মেক ইন ইন্ডিয়া'র লক্ষ্য পূরণ হচ্ছে।

oooooooooooooooooo

কেরালা সফরত রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ কালাদিতে অবস্থিত শ্রী আদি শঙ্কর জন্মভূমি মন্দির পরিদর্শন করেছেন। এটি শ্রী আদি শঙ্করাচার্যের জন্মস্থান।

এদিন কোচিন আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সড়কপথে রওনা হয়ে সকাল ১১টার দিকে মন্দিরে পৌঁছান রাষ্ট্রপতি। সেখানে তাঁকে স্বাগত জানান কেরালার রাজ্যপাল ওম প্রকাশ মাথুর, রাজ্যের উচ্চশিক্ষামন্ত্রী রোজি এম. জন এবং শৃঙ্গেরী মঠের সিইও ও প্রশাসক পি. এ. মুরলীসহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

ঐতিহ্যবাহী ‘পূর্ণ কুম্ভম’ অভ্যর্থনা গ্রহণের পর রাষ্ট্রপতি মন্দিরে প্রবেশ করেন।

একাধিক কর্মসূচি রয়েছে রাষ্ট্রপটির। এদিন দুপুরে তিনি ত্রিসুর বৈদ্যরত্নাম আয়ুর্বেদ কলেজের সুবর্ণজয়ন্তী উদযাপনের সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বিকেলে রাষ্ট্রপতি গুরুভায়ুরে যাবেন এবং গুরুভায়ুর শ্রীকৃষ্ণ মন্দির দর্শন করবেন ।

সফরের দ্বিতীয় দিনে,আগামিকাল রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, কান্নুরে ইন্ডিয়ান ন্যাভাল একাডেমিতে সদ্য পাশ করা সেনাদের কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অভিবাদন গ্রহণ করবেন। বন্ধুভাবাপন্ন বিদেশি দেশগুলোর ক্যাডেট সহ বিভিন্ন বিভাগের ৪০০ জনেরও বেশি সেনা এই কুচকাওয়াজে অংশ নেবেন।

oooooooooooooooooo

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত কলকাতা বেতার: শতবর্ষে শতকথা শীর্ষক বিশেষ আলোচনার দ্বিতীয় পর্ব শুনবেন আজ রাত দশটায়। রেডিও নিয়ে নিরলস চর্চা করে চলেছেন যে মানুষটি সেই ভবেশ দাশের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মণ্ডল। শব্দ সম্পাদনায় সাধনা দাস বসু।

অনুষ্ঠানটি শোনা যাবে গীতাঞ্জলী প্রচারতরঙ্গ এবং ডিটিএইচ বাংলা পরিষেবায়। আকাশবাণী কলকাতা সংবাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

oooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী *রবিবার ২৯ শে নভেম্বর* , আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৪০-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

oooooooooooooooooo

'বাল্যবিবাহ-মুক্ত ভারত' গড়ে তোলার লক্ষ্যে কেন্দ্রীয় নারী ও শিশুবিকাশ মন্ত্রক আজ নতুন দিল্লিতে জাতীয় স্তরের এক অনুষ্ঠানের আয়োজন করছে। সরকারি উদ্যোগ ও সামাজিক প্রচেষ্টায় বাল্যবিবাহ বন্ধ করার লক্ষ্যে ২০২৪ সালের ২৭ শে নভেম্বর শুরু হওয়া জাতীয় অভিযানের দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষেই এই অনুষ্ঠানের আয়োজন।

মন্ত্রক জানিয়েছে, বাল্যবিবাহের কোনোরকম ঘটনা প্রকাশ্যে এলে 'বাল বিবাহ-মুক্ত ভারত' পোর্টালের মাধ্যমে অভিযোগ জানানো যাবে। এছাড়া 'মাইগভ' ও 'মাই ভারত' প্ল্যাটফর্মের মাধ্যমেও নাগরিকদের এই অভিযানে অংশ নেওয়ার আহ্বান জানানো হয়েছে।

এদিকে **পশ্চিমবঙ্গে** বাল্যবিবাহের বিরুদ্ধে সচেতনতা গড়ে তুলতে, বিদ্যালয় স্তরে বিশেষ কর্মসূচি নেওয়া হচ্ছে। এর অঙ্গ হিসেবে আজ সমস্ত সরকারি ও সরকার পোষিত স্কুলে বিশেষ প্রার্থনা সভার আয়োজনের করা হয়। ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষাকর্মীরা বাল্যবিবাহ বন্ধ করার শপথ নিচ্ছেন।

বাংলা ও ইংরেজিতে শপথবাক্য পাঠ, বাল্যবিবাহ বিরোধী পোস্টার প্রদর্শন এবং সচেতনতামূলক প্রচার অনুষ্ঠানের ছবি-সহ সংক্ষিপ্ত রিপোর্ট, পাঠানো হবে সংশ্লিষ্ট জেলাশাসকের দপ্তরে।

oooooooooooooooooo

কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী মনোহর লাল আজ বলেছেন , ভারত তার দ্রুত ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা সফলভাবে পূরণ করে চলেছে। তিনি জানান, দেশের বিদ্যুৎ খাত স্বনির্ভর হয়ে উঠছে এবং মাঝে মাঝে উদ্বৃত্ত বিদ্যুৎ প্রতিবেশী দেশগুলোতে রপ্তানি করার মতো সক্ষমতাও তৈরি হচ্ছে। আজ নতুনদিল্লিতে বিদ্যুৎ মন্ত্রীদের সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে মনোহর লাল বলেন , আগামী ১০ থেকে ১১ বছরের মধ্যে ভারত ৫০০ গিগাওয়াট পুনর্নবীকরণযোগ্য জ্বালানি সক্ষমতা অর্জনের লক্ষ্য নির্ধারণ করেছে। । মন্ত্রী জানান, দুই দিনব্যাপী এই সম্মেলনে বিদ্যুৎ খাতের ক্রমবর্ধমান চ্যালেঞ্জ ও চাহিদা এবং কীভাবে পর্যাপ্ত সরবরাহের মাধ্যমে এই চাহিদা পূরণ করা যায়, তা নিয়ে পর্যালোচনা করা হবে।

oooooooooooooooooo

ভারতীয় বিমান বাহিনী পুনের লোহেগাঁও বিমান ঘাঁটিতে আজ এক প্রদর্শনীর মাধ্যমে নিজেদের শক্তি ও কর্মক্ষমতা তুলে ধরেছে। ‘নো ইয়োর ফোর্সেস’ কর্মসূচির অংশ হিসেবে এই অনুষ্ঠানটি আয়োজিত হয়।

অনুষ্ঠান শুরু হয় ‘আকাশ গঙ্গা’ দলের রোমাঞ্চকর স্কাই ডাইভিং প্রদর্শনী দিয়ে। এরপর সু-৩০ এমকেআই যুদ্ধবিমান অত্যন্ত কম উচ্চতায় তার ক্ষমতা প্রদর্শন করে। এছাড়া চেতক হেলিকপ্টারের ‘ফ্লাইপাস্ট’ও দর্শকদের নজর কাড়ে।

এছাড়াও, বিভিন্ন যুদ্ধবিমান ও সামরিক সরঞ্জামের একটি প্রদর্শনীও আয়োজন করা হয়।

oooooooooooooooooo

নেপালের মুস্তাং জেলায় অবস্থিত ‘শ্রী জানাবল মাধ্যমিক বিদ্যালয়’-এ নতুন স্কুল ভবন, শিক্ষকদের আবাসস্থল এবং একটি ছাত্রাবাস নির্মাণের জন্য ভারত প্রায় ৮ কোটি ৯০ লক্ষ নেপালি রুপি আর্থিক সহায়তা প্রদান করছে। কাঠমান্ডুতে গতকাল ভারতীয় দূতাবাসের চার্জ ডি’অ্যাফেয়ার্স ড. রাকেশ পান্ডে এবং ঘারাপঝং গ্রামীণ পৌরসভার চেয়ারম্যান মোহন সিং লালচান যৌথভাবে এই প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

গান্দাকি প্রদেশের ঘারাপঝং-২ এলাকায় অবস্থিত এই প্রকল্পটি ভারত সরকারের ‘হাই ইমপ্যাক্ট কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট’ কর্মসূচির আওতায় স্থানীয় গ্রামীণ পৌরসভার মাধ্যমে বাস্তবায়িত হবে।

oooooooooooooooooo

বাংলাদেশের রাজধানী ঢাকায় গত রাতে মিরপুর ও বাড্ডা এলাকায় তিনটি বাসে অজ্ঞাতপরিচয় ব্যক্তিরা আগুন লাগিয়ে দেওয়ায়, নতুন করে নিরাপত্তা নিয়ে উদ্বেগের সৃষ্টি হয়েছে।

পল্লবীর কালশী-পুরবী সড়কে ‘বিহঙ্গ পরিবহন’-এর একটি বাসে আগুন লাগানো হয়। বাসটি যাত্রী নামিয়ে গন্তব্যে ফেরার পথে হামলার শিকার হয়। স্থানীয় বাসিন্দারা আগুন নিয়ন্ত্রণে আনেন।

এর আগে, সন্ধ্যায় পল্লবীর ১১ নম্বর সেকশনে বিহারী মিল্লাত ক্যাম্পের কাছে ‘মধুমতি পরিবহন’-এর একটি দাঁড়িয়ে থাকা বাসে এবং রাতে বাড্ডায় কানাডিয়ান ইউনিভার্সিটির কাছে ‘আলিফ পরিবহন’-এর একটি বাসে আগুন দেওয়া হয়। দমকলকর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনেন।

হতাহতের কোনো খবর পাওয়া যায়নি। পুলিশ ঘটনার তদন্ত করছে।

oooooooooooooooooo

৫৭তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব – IFFI তে, বেলজিয়ামের চলচ্চিত্র নির্মাতা ইসাবেল টোলেনারে, আজ গোয়ায় অনুষ্ঠিত তাঁর চলচ্চিত্র ‘প্যারিস প্যারিস’ যে ধরনের সাড়া পেয়েছে, তা নিয়ে সন্তোষ প্রকাশ করেছেন। সাংবাদিকদের তিনি বলেন, এটিই তাঁর প্রথম ভারত সফর। ভারতীয় দর্শকদের সামনে নিজের চলচ্চিত্রটি তুলে ধরতে পেরে তিনি সম্মানিত বোধ করছেন। তিনি উল্লেখ করেন যে, চলচ্চিত্রটির প্রদর্শনীতে দর্শকআসন ছিল পরিপূর্ণ । প্রদর্শনী শেষে একটি প্রাণবন্ত প্রশ্নোত্তর পর্বও অনুষ্ঠিত হয়।

oooooooooooooooooo

মহিলাদের এশিয়ান চ্যাম্পিয়নস ট্রফি হকির দ্বিতীয় সেমিফাইনালে গতবারের বিজয়ী ভারত আজ , মালয়েশিয়ার বিরুদ্ধে খেলবে। ভোপালে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

প্রথম সেমিফাইনালে জাপান, চিনের মোকাবিলা করবে। খেলা শুরু হবে বিকেল সাড়ে চারটায়ে।

ফাইনাল হবে আগামীকাল ।

oooooooooooooooooo

ক্রাইস্টচার্চে ভারতের বিরুদ্ধে দ্বিতীয় টেস্টে ক্রিকেটের প্রথম দিনের খেলা শেষে নিউজিল্যান্ড ৫ উইকেটে ২৪৬ রান করেছে। আজ খেলা শেষ হওয়ার সময়

টম ব্লান্ডেল ৫৩ রানে এবং গ্লেন ফিলিপস ৩৬ রানে অপরাজিত ছিলেন। ভারতের হয়ে আকাশ দীপ দুটি উইকেট নিয়েছেন ; এছাড়া গুরনুর ব্রার, ওয়াশিংটন সুন্দর ও অংশুল কম্বোজ একটি করে উইকেট নেন। এর আগে, টস জিতে ভারতের অধিনায়ক শুভমান গিল বোলিং করার সিদ্ধান্ত নেন।

দুই দলের মধ্যকার প্রথম টেস্টটি ড্র হয়েছিল।

oooooooooooooooooo

oooooooooooooooooo